



প্রেস রিলিজ

“যে জাতি নিজেদের ইতিহাস জানে না সে জাতি কোনদিন মর্যাদাশীল জাতি হতে পারে না”

- আবুল হাসানাত আবদুল্লাহ এমপি

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২২ ফেব্রুয়ারি ২০২৩খ্রিঃ

ইতিহাস এক দিনে তৈরি হয় না। আর বাঙালীর ইতিহাস হাজার বছরের ইতিহাস। যে জাতি নিজেদের ইতিহাস জানে না সে জাতি কোনদিন মর্যাদাশীল জাতি হতে পারে না। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১২তম প্রতিষ্ঠাবার্ষিকী ও ২০২১-২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ওরিয়েন্টেশন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথাগুলো বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির মাননীয় আহ্বায়ক (মন্ত্রী পদমর্যাদা) জনাব আবুল হাসানাত আবদুল্লাহ এমপি। এসময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রধান অতিথি আরও বলেন, আপনাদের হাতেই গড়ে উঠবে আগামীর বাংলাদেশ। বাঙালীর হাজার বছরের ইতিহাসকে রক্ষা করতে হলে আপনাদেরকে এ জাতির সঠিক ইতিহাস জানতে হবে। ভবিষ্যৎ প্রজন্মের কাছে তা পৌঁছে দেয়ার দায়িত্ব আপনাদের। মুক্তিযুদ্ধের চেতনায় নিজেদেরকে বিকশিত করে বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সামনে এগিয়ে যেতে হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ড. আবদুল্লাহ আল মাসুদ, প্রক্টর ড. খোরশেদ আলম, শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদের সভাপতি শাহাজাদা খান এবং গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সভাপতি আরিফ সিকদার। শিক্ষার্থীদের মধ্য থেকে বক্তব্য রাখেন ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের শিক্ষার্থী নয়ন বিশ্বাস ও উদ্ভিদবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী তিথি ঢালী। এছাড়াও নবীন শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য রাখেন প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগের শিক্ষার্থী মোয়াদ হোসেন এবং সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ফারহানা আফরিন। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা, বরিশালের বিভিন্ন সংসদীয় আসনের সংসদ সদস্য, সাবেক সংসদ সদস্যবৃন্দ, ডিআইজি বরিশাল রেঞ্জ, মেট্রোপলিটন পুলিশ কমিশনার, জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা চেয়ারম্যান, পৌরসভার মেয়র, প্রশাসনের কর্তাব্যক্তি, সুশীল সমাজ, গণমাধ্যম সংশ্লিষ্ট ব্যক্তিবর্গসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, দপ্তরপ্রধান, কর্মকর্তা, কর্মচারী এবং অন্যান্য অতিথিবৃন্দরা উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এফবিসিসিআই এর পরিচালক ড. সেরনিয়াবাত মঈনউদ্দীন আবদুল্লাহ ও বরিশাল জেলা আওয়ামীলীগের সদস্য সেরনিয়াবাত আশিক আবদুল্লাহ। এর আগে বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকাল ১০ টায় প্রধান অতিথি, বিশেষ অতিথি ও উপাচার্য মহোদয় বেলুন ফেস্টুন উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন করেন। এরপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিন্দু শ্রদ্ধা নিবেদন করেন প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং উপাচার্য মহোদয়সহ অন্যান্যরা। এদিকে দিবসটি উপলক্ষ্যে সকাল ১০:৩০ টায় আনন্দ র্যালি বের করে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার। র্যালিটি বিশ্ববিদ্যালয় সংলগ্ন বরিশাল-পটুয়াখালী মহাসড়ক প্রদক্ষিণ শেষে মুক্তমঞ্চে এসে শেষ হয়। এরপর মুক্তমঞ্চে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে নবীন শিক্ষার্থীদের বরণ করে নেয়া হয়। এছাড়াও বিকাল ৪ টায় অনুষ্ঠিত হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মুখা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস